



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

অতীব জরুরি



স্মারক নং-৩৮.০১.০০.০০০০.১৪৩.১১.০০২.২২-১২০

তারিখ: ৩২ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১৪ মে ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

মৌখিক পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীগণকে অনলাইনে আবেদনের আপলোডকৃত ছবি, আবেদনের কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, নাগরিকত্ব সনদ, স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর এর সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদসহ পোষ্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কমপক্ষে ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ২৩ মে, ২০২২ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) স্ব স্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসে আবশ্যিকভাবে জমা দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র সংগ্রহ করতে হবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল সনদ ও প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি (সত্যায়িত) জমা প্রদানের সময় উক্ত কাগজপত্রের মূলকপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ ২৩ মে, ২০২২ তারিখের মধ্যে উপরে উল্লিখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে তাদের অনুকূলে মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করা হবে না।

২। মৌখিক পরীক্ষার সময় উপরে বর্ণিত সকল সনদপত্র, প্রাপ্তি স্বীকারপত্র ও অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রার্থীকে সঙ্গে আনতে হবে। মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে এবং তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dpe.gov.bd)-এ প্রকাশ করা হবে।

(মনীষ চাকমা)

পরিচালক (যুগ্ম-সচিব)

পলিসি ও অপারেশন বিভাগ

ফোন: ০২-৫৫০৭৪৯১৮

ই মেইল: dirpolicydpe@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জেলা প্রশাসক চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/মাগুরা/যশোর/শেরপুর/ময়মনসিংহ/নেত্রকোনা/কিশোরগঞ্জ/টাংগাইল/গাজীপুর/নরসিংদী/মানিকগঞ্জ/ঢাকা/মাদারীপুর/মুন্সিগঞ্জ/কুমিল্লা/লক্ষীপুর/নোয়াখালী/ফেনী/চট্টগ্রাম/মৌলভীবাজার ও লালমনিরহাট জেলা
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/খুলনা/সিলেট ও রংপুর, বিভাগ।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/মাগুরা/যশোর/শেরপুর/ময়মনসিংহ/নেত্রকোনা/কিশোরগঞ্জ/টাংগাইল/গাজীপুর/নরসিংদী/মানিকগঞ্জ/ঢাকা/মাদারীপুর/মুন্সিগঞ্জ/কুমিল্লা/লক্ষীপুর/নোয়াখালী/ফেনী/চট্টগ্রাম/মৌলভীবাজার ও লালমনিরহাট জেলা।